

## ■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৪৮৪

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ পুণ্যের পথ অনেক

আরবী

عَنْ أَبِي ذِرٍّ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ قَالَ يُصْبِحُ عَلَى كُلِّ سُلَامٍ مِّنْ أَحَدِكُمْ صَدَقَةٌ : فَكُلْ تَسْبِيحَةٍ صَدَقَةٌ وَكُلْ تَحْمِيدَةٍ صَدَقَةٌ وَكُلْ تَهْلِيلَةٍ صَدَقَةٌ وَكُلْ تَكْبِيرَةٍ صَدَقَةٌ وَأَمْرٌ بِالْمَعْرُوفِ صَدَقَةٌ وَنَهْيٌ عَنِ الْمُنْكَرِ صَدَقَةٌ وَيُجْزِيُءُ مِنْ ذَلِكَ رَكْعَتَانِ يَرْكَعُهُمَا مِنْ الضُّحَى رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

(৪৮৪) আবু যার্ব (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের মধ্যে প্রত্যেকের প্রত্যেক (হাড়ের) জোড়ের পক্ষ থেকে প্রাত্যহিক (প্রদেয়) সাদকাহ রয়েছে। সুতরাং প্রত্যেক তাসবীহ (সুবহানাল্লাহ বলা) সাদকাহ, প্রত্যেক তাহমীদ (আলহামদু লিল্লাহ বলা) সাদকাহ, প্রত্যেক তাহলীল (লা- ইলাহা ইল্লাল্লাহ বলা) সাদকাহ, প্রত্যেক তাকবীর (আল্লাহ আকবার বলা) সাদকাহ এবং ভাল কাজের আদেশ প্রদান ও মন্দ কাজ থেকে নিষেধ করা সাদকাহ। এ সব কাজের পরিবর্তে যুহার (চাশতের) দু'রাক্তাত নামায যথেষ্ট হবে।

ফুটনোট

(মুসলিম ১৭০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64003>

৫ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন